

কেহ বলে পাল ধন্য করল হরি পাল।
 কেশবপুর নিবাসী শ্রীগোলোক পাল।।
 তার জ্যেষ্ঠ পুত্র নাম হরিশ্চন্দ্র পাল।
 কেহ বলে হরিপাল পালের ভূপাল।।
 মধ্যম দুর্গাচরণ অপরে প্রহ্লাদ।
 কনিষ্ঠ শ্রীগৌর পাল নামেতে উন্মাদ।।
 চারি-পুত্র সহ মাতোয়ারা হরিবোলা।
 কেহ কেহ হরি পালে বলে হরিবোলা।।
 হরিবোলা হ'য়ে হরি মাতাইল পাল।
 সবে বলে হরি পাল পালের ভূপাল।।
 এইভাবে সবাই দিতেছে হরিধ্বনি।
 জটকের বিলে তার হ'ল প্রতিধ্বনি।।
 হরিধ্বনি শুনা যায় গগন মন্ডলে।
 জ্ঞান হয় দেবগণে হরি হরি বলে।।
 সকলে থামিল শুনি হরি হরিধ্বনি।।
 তবু শূন্যে শুনা যায় হরি হরিধ্বনি।।
 শুনে প্রেমানন্দ চিত্ত মতুয়া সকলে।
 লক্ষ্য দিয়া যেতে চায় দেবতার দলে।।
 অক্ষয় ঠাকুর আর হরিশ্চন্দ্র পাল।
 পূর্ণচন্দ্র অধিকারী মতুয়া মিশাল।।
 গুরুগরি করিতেন শিষ্য ছিল তার।
 শিষ্যসহ মাতিলেন আনন্দ অপার।।
 রসনা তারক সঙ্গে এই চারিজন।
 কতক মতুয়া আছে সঙ্গেতে মিলন।।
 এক এক দলে লোক অনুন্য পঞ্চাশ।
 সবে মিলে হরিবলে মনেতে উল্লাস।।
 জটকের বিল মধ্যে গরু পালে পাল।
 দশ বিশ গরু রাখে একক রাখাল।।
 কেহ কেহ বিলকূলে গরু বাঁধিয়াছে।
 দলে দলে রাখালেরা খেলা করিতেছে।।
 হরিবোল শুনে তারা আনন্দ হৃদয়।
 কেহ কেহ হরি বলে দৌড়াইয়া যায়।।

দৌড়িয়া দৌড়িয়া যায় মাঝে মাঝে লক্ষ্য।
 আনন্দে বসুধা নাচে যেন ভূমিকম্প।।
 তার মধ্যে তারক রসনা বলে বোল।
 এই ঠাই দাঁড়া দেখি মতুয়া সকল।।
 আর ছয় দল রহিয়াছে ছয় ঠাই।
 একদল মাঝখানে দাঁড়ায় সবাই।।
 তারক কহিছে 'তোরা ছিলি বৃন্দাবনে।
 গোচারণ করিতি সে গোপালের সনে।।
 অন্য অন্য ঠাই যদি যেত ধেনু সব।
 একঠাই হ'ত শুনি শ্যাম বংশীরব।।
 কানু গিয়া গোচারণে বাজাইত বেণু।
 তোরা দিতি আবাধ্বনি নাচিত সে ধেনু।।
 সেই কানু যশোদানন্দন দয়াময়।
 এখন হইল যশোবস্তের তনয়।।
 সেই যশোবস্ত সূত প্রভু হরিচাঁদ।
 তোমাদের হৃদয়ে আছে তারে ধরা ফাঁদ।।
 তোরা সেই চাঁদ সঙ্গে অনুসঙ্গী ছিলি।
 প্রভু আগমনে তোরা সঙ্গে সঙ্গে এলি।।
 একবার ব্রজভাবে দে রে আবাধ্বনি।
 ব্রজবুলী বল সেই রাখালীয়া বাণী।।
 স্থানে স্থানে পালে পালে ধেনু বৎস্যগণ।
 তাহা দেখি ব্রজভাবে দ্রবীভূত মন।।
 এই সেই বৃন্দাবন সেই গোবর্দ্ধন।
 খেলা করে এই সেই রাখালের গণ।।'
 উন্মত্ত রাখাল দিকে বলেছে তারক।
 'তোরা তো ব্রজেতে ছিলি ব্রজের বালক।।
 ব্রজভাবে একবার বল হা-রে-রে-রে।
 অদ্য তোরা সবে মিলে নাচ একত্তরে।।
 তাহা শুনি রাখালেরা হ'ল একত্তর।
 রাখালেরা নৃত্য করে মতুয়া ভিতর।।
 চৌদিকে মতুয়াগণ গোলাকার হ'য়ে।
 নাচে গায় লক্ষ্য দেয় হরি ধ্বনি দিয়ে।।